

কেস স্টাডি

একদিন স্কুল থেকে বাড়ি ফেরার পথে অরিক দেখল, রাস্তার পাশে একজন বৃদ্ধ অসুস্থ হয়ে বসে আছেন। তাঁর হাতে একটি ছোট ব্যাগ, কিন্তু তিনি কোথায় যাবেন তা ঠিক বুঝতে পারছিলেন না। অনেক মানুষ পাশ দিয়ে চলে গেলেও কেউ তাঁকে সাহায্য করছিল না। অরিক নিজের বাড়িতে তাড়াতাড়ি ফেরার কথা ভুলে গিয়ে বৃদ্ধের কাছে গেল। কথা বলে জানতে পারল, বৃদ্ধ বাসে করে হাসপাতালে যাবেন, কিন্তু তাঁর কাছে পর্যাপ্ত টাকা নেই। অরিক নিজের টিফিনের জন্য রাখা কিছু টাকা দিয়ে তাঁকে সাহায্য করল এবং কাছের বাসস্ট্যান্ড পর্যন্ত পৌঁছে দিল।

বৃদ্ধ অরিককে আশীর্বাদ করে বললেন, “তুমি আজ আমাকে শুধু সাহায্য করোনি, মানুষের প্রতি মানুষের দায়িত্বের কথাও মনে করিয়ে দিলে।”

অরিক বুঝতে পারল, সামান্য সাহায্যও কখনও কখনও একজন মানুষের মনে বড় সাহস জোগায়। সে ঠিক করল, ভবিষ্যতেও বিপদে পড়া মানুষের পাশে দাঁড়াবে।

প্রশ্নমালা : -

i. অরিক বৃদ্ধ ব্যক্তিকে দেখে কী করেছিল?

- ক) সেখান থেকে চলে গিয়েছিল
- খ) তাঁকে উপেক্ষা করেছিল
- গ) তাঁর কাছে গিয়ে সাহায্য করেছিল
- ঘ) অন্যদের ডাকতে চলে গিয়েছিল

ii. বৃদ্ধের সবচেয়ে বেশি কী প্রয়োজন ছিল?

- ক) নতুন পোশাক
- খ) হাসপাতালে যাওয়ার সাহায্য
- গ) খাবার
- ঘ) একটি বই

iii. অরিক নিজের টাকার সাহায্যে কী প্রমাণ করেছিল?

- ক) সে খুব ধনী

খ) সে অন্যের প্রতি সহানুভূতিশীল

গ) সে নিজের টাকা নষ্ট করতে চায়

ঘ) সে সবার প্রশংসা পেতে চায়

iv. গল্পটির মূল শিক্ষা কোনটি?

ক) সবসময় নিজের কথাই ভাবতে হয়

খ) বিপদে পড়লে অন্যকে এড়িয়ে চলতে হয়

গ) অসহায় মানুষের পাশে দাঁড়ানো উচিত

ঘ) অপরিচিত মানুষের সঙ্গে কথা বলা উচিত নয়

v. অরিকের কাজটি সমাজে কোন মূল্যবোধ গড়ে তুলতে সাহায্য করে?

ক) স্বার্থপরতা

খ) প্রতিযোগিতা

গ) মানবিকতা ও সহমর্মিতা

ঘ) অহংকার

vi. মন্তব্য : অরিক একজন মানবিক বালক।

কারণ: সে নিজের প্রয়োজনের কথা না ভেবে অসুস্থ বৃদ্ধকে সাহায্য করেছিল।

ক) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক খ) মন্তব্য ঠিক ,কারণ ভুল গ) মন্তব্য ও কারণ উভয়ই ভুল ঘ) মন্তব্য ভুল,কারণ ঠিক ।

vii. মন্তব্য : সামান্য সাহায্যও মানুষের মনে সাহস জোগাতে পারে।

কারণ : অরিকের সাহায্যে বৃদ্ধ তাঁর প্রয়োজনীয় স্থানে যাওয়ার সুযোগ পেয়েছিলেন।

ক) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক খ) মন্তব্য ঠিক ,কারণ ভুল গ) মন্তব্য ও কারণ উভয়ই ভুল ঘ) মন্তব্য ভুল ,কারণ ঠিক ।

viii. “অরিক বৃদ্ধকে বাসস্ট্যান্ড পর্যন্ত পৌঁছে দিল।” — এখানে ‘বৃদ্ধকে’ কোন পদ?

ক) বিশেষ্য

খ) সর্বনাম

গ) বিশেষণ

ঘ) ক্রিয়া